কোটচাঁদপুরে ধর্ষণকারীর সর্বোচ্চ শাস্তি মৃত্যু দন্ডের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালন

“ধর্ষণ মুক্ত বাংলাদেশ চাই, ধর্ষকের ফাঁসি চাই” এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে সারা বাংলাদেশ ব্যাপী ধর্ষণকারীদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ডের দাবীতে প্রতিবাদ সভা ও মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

গতকতাল বুধবার সকাল ১০ টায় কোটচাঁদপুর মেইন বাসষ্ট্যান্ড এলাকায় কালীগঞ্জ-জীবননগর মহাসড়কে কোটচাঁদপুরের সর্বস্তরের সাধারণ শিক্ষার্থীবৃন্দ ধর্ষণ বিরোধী এই প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে।

মেইন বাসষ্ট্যান্ড এলাকায় কর্মসূচী শেষে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বিক্ষোভ র্যালী নিয়ে মেইন বাজার পায়রা চত্বরে প্রতিবাদ সমাবেশ করে। এসময় শিক্ষার্থীদের হাতে “যুদ্ধ সরকারের বিরুরেদ্ধ না, যুদ্ধটা ধর্ষকের বিরুদ্ধে” “থামাও ধর্ষণ” “ধর্ষণকে না বলুন” “হে রাষ্ট্র আমায় নিরাপত্তা দাও , নয়তো ধর্ষণ পরবর্তী সুষ্ট বিচার দাও” “আমরা সবাই ধর্ষণের বিচার চাই” “ধর্ষকের কোন ছাড় নেই। এমন নানা প্লাকার্ড নিয়ে সড়কে অবস্থান নেয়।

পরে প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, অতি সম্প্রতি সিলেটে নববধূ ধর্ষণ, নোয়াখলীর বেগমগঞ্জে গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতনসহ সারাদেশে ধর্ষণ, নারী ও শিশু নির্যাতন আশংকাজনক ভাবে বেড়ে গেছে। আইনের চোঁখ ফাঁকী দিয়ে অভিযুক্তরা পার পেয়ে যাচ্ছে। এই কারণে সারাদেশে ধর্ষণ, নারী ও শিশু নির্যাতনদের বিচারের আওতায় এনে শাস্তি নিশ্চিত ও সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড করার দাবি জানান।